



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম



বিজ্ঞপ্তি

তারিখ : ৩০.০৭.২০২০ খ্রি.

চট্টগ্রাম কলেজের সকল শিক্ষার্থীকে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ৩০.০৭.২০২০ তারিখের ৩৭.০২.০০০০.১০২.৯৯.০০২.২০.১৪০ নং স্মারক মোতাবেক 'আমার মুজিব' শিরোনামে নিম্নোক্ত বিভাগওয়ারী লেখা এবং ছবি আহ্বান করা হচ্ছে। মুজিব শতবর্ষে শত (১০০) শব্দের লেখা ও ছবি আঁকার মাধ্যমে শিক্ষার্থীরা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি তাদের শ্রদ্ধা ও ভালবাসা জানাবে।

| ক্রমিক নং | শ্রেণি | বিভাগ |
|-----------|------------------------------------|-------|
| ১ | একাদশ ও দ্বাদশ | গ |
| ২ | অনার্স, মাস্টার্স এবং ডিগ্রী (পাস) | ঘ |

শিক্ষার্থীরা শুধু লেখা, শুধু ছবি অথবা লেখা ও ছবি একসঙ্গে জমা দিতে পারবে। লেখার জন্য প্রতি উপজেলায় প্রতিটি বিভাগ থেকে দুইজন করে শ্রেষ্ঠ লেখককে পুরস্কার প্রদান করা হবে। ছবির ক্ষেত্রে পুরস্কারের জন্য শিল্পীদেরকে জাতীয়ভাবে নির্বাচন করা হবে। এক্ষেত্রে প্রতি বিভাগ থেকে ২৫জন করে ০৪টি বিভাগে মোট ১০০ জন পুরস্কার পাবে। পরবর্তীতে বাছাই করে লেখা ও ছবিগুলো নিয়ে 'আমার মুজিব' নামে একটি গ্রন্থ প্রকাশ করা হবে।

আগ্রহী শিক্ষার্থীরা A4 সাইজের সাদা কাগজে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা ও ভালবাসা জানিয়ে 'আমার মুজিব' শিরোনামে অনধিক ১০০ শব্দের একটি লেখা নিজ হাতে অথবা কম্পিউটার (Nikosh Font এ ১৩ সাইজে) লিখবে: ছবি আঁকার ক্ষেত্রে A4 সাইজের সাদা / আর্ট পেপারে 'আমার মুজিব' বিষয়ে একটি ছবি আঁকবে (যে কোন মাধ্যমে)।

শিক্ষার্থীরা লেখার ক্ষেত্রে লেখার নিচে এবং ছবির ক্ষেত্রে ছবির পেছনে বিভাগের নাম (গ/ঘ), নিজের নাম (বাংলায়), শ্রেণি, শাখা, শিফট, রোল নম্বর, যোগাযোগের জন্য নিজের অথবা অভিভাবকের মোবাইল ও ই-মেইল নম্বর (যদি থাকে) উল্লেখসহ পাসপোর্ট সাইজের একটি ছবি সংযুক্ত করে আগামী ০৬.০৮.২০২০ তারিখ দুপুর ১২:০০ টার মধ্যে কলেজের অধ্যক্ষ মহোদয়ের কার্যালয়ে নীচতলা প্রধানসহকারীর অফিস কক্ষে জমাদানের জন্য নির্দেশ প্রদান করা হল।

প্রতি স্বাক্ষর :

৩০.০৭.২০২০

(প্রফেসর মোহাম্মদ মুজিবুল হক চৌধুরী)
অধ্যক্ষ
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম।

৩০.০৭.২০২০

(প্রফেসর সুব্রত বিকাশ বড়ুয়া)
বিভাগীয় প্রধান, পদার্থবিজ্ঞান

ও

আহ্বায়ক
মুজিববর্ষ উদযাপন কমিটি
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম

অনুলিপি :

- ১। উপাধ্যক্ষ, চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম।
- ২। সকল বিভাগীয় প্রধান, চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম। বিজ্ঞপ্তিটি তাঁর বিভাগের সকল শিক্ষার্থীকে অবহিত করণের ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হল।
- ৩। অফিস নথি।